দৈনিক বাংলা
তারিখ ...21 APR 1995...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

# এসএসসি পরীক্ষা আজ শুরু : ৪ বোর্ডে পরীক্ষার্থী ৭৭৩২৯০

**স্টাফ রিপোর্টার :** আজ বৃহস্পতিবার ৪টি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ব্যবস্থাপনায় ইতিমধ্যেই পরীক্ষার সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

এ বছর ৪ শিক্ষা বোর্ড থেকে ৭৫৪টি কেন্দ্রে মোট ৭ লাখ ৭৩ হাজার ২৯০ জন পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নেবে। তার মধ্যে ৪ লাখ ৬০ হাজার ৫৬ জন ছাত্র ও ৩ লাখ ১৩ হাজার ২৬৯ জন ছাত্রী রয়েছে। এই ছাত্রছাত্রীদের মধ্যে ২ লাখ ৮ হাজার ৫৫৭ জন বিজ্ঞান এবং ৪ লাখ ৬০ হাজার ৬০৬ জন মানবিক বিভাগে পরীক্ষা দেবে।

ঢাকা বোর্ডের অধীনে পরীক্ষার্থীর সংখ্যা ২ লাখ ৩৯ হাজার ১৬৮ জন। ১৯৯টি কেন্দ্রে এ সকল পরীক্ষার্থী পরীক্ষা দেবে। এর মধ্যে এক লাখ ৩৯ হাজার ২৭১ জন ছাত্র ও ৯৯ হাজার ৯৩৫ জন ছাত্রী রয়েছে। ঢাকা বোর্ডের মোট প্রাইভেট পরীক্ষার্থীর সংখ্যা ২১ হাজার ৭৫৬ জন। বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থীর সংখ্যা ৭৯ হাজার ৬৫৮ জন এবং মানবিক বিভাগের এক লাখ ৫৯ হাজার ৫২৪ জন পরীক্ষার্থী।

রাজশাহী বোর্ডের মোট পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ ৯৮ হাজার ৩৮৬ জন। এই

(৮–এর পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর)

## এসএসসি পরীক্ষা আজ শুরু

বোর্ডের মোট কেন্দ্র সংখ্যা ১৮৮টি। মোট পরীক্ষার্থীর মধ্যে এক লাখ ৩০ হাজার ১০৩ জন ছাত্র এবং এক লাখ ৬৮ হাজার ২৮৩ জন ছাত্রী রয়েছে। বিজ্ঞান বিভাগে রয়েছে ৪০ হাজার ৩৫২ জন এবং মানবিক বিভাগে এক লাখ ৫৮ হাজার ৩৪ জন পরীক্ষার্থী পরীক্ষা দেবে। রাজশাহী বোর্ডের এবার প্রাইভেট পরীক্ষার্থীর সংখ্যা ৫ হাজার ৬০৮ জন।

যশোর বোর্ডের মোট পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ ৪৩ হাজার ২২২ জন। ১৫৫টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদের মধ্যে ৮৮ হাজার ১৭১ জন ছাত্র এবং ৫৫ হাজার ৫১ জন ছাত্রী রয়েছে। বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীর সংখ্যা ২৬ হাজার ৮৯ জন এবং মানবিক বিভাগে এক লাখ ৩ হাজার ৯৯২ জন ছাত্রছাত্রী পরীক্ষা দেবে। যশোর বোর্ডের প্রাইভেট পরীক্ষার্থীর সংখ্যা ১৩ হাজার ১৪১ জন।

কুমিল্লা বোর্ডের মোট পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ ৯২ হাজার ৫১৪ জন। ২১২টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। মোট পরীক্ষার্থীর মধ্যে এক লাখ ২ হাজার ৫১৪ জন ছাত্র ও ৯১ হাজার ছাত্রী পরীক্ষা দেবে। বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীর সংখ্যা ৬৩ হাজার ৪৫৮ জন এবং মানবিক বিভাগের ছাত্রছাত্রীর সংখ্যা এক লাখ ২৯ হাজার ৫৬ জন।

সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য দেশের প্রতিটি পরীক্ষা কেন্দ্রের ২শ গজের মধ্যে ১৪৪ ধারা জারি করা হয়েছে। পরীক্ষা কেন্দ্রে নকল রোধ করার জন্য পরিদর্শকদের ওপর কড়া নির্দেশ জারি করা হয়েছে। প্রতিটি পরীক্ষা কেন্দ্রের আইন–শৃঙ্খলা রক্ষার জন্য বোর্ড কর্মকর্তা, স্থানীয় প্রশাসন ও পর্যাপ্ত পুলিশ নিয়োগ করা হয়েছে। কম্পিউটার পদ্ধতিতে দ্রুত ফল প্রকাশের প্রস্তুতি হিসাবে পরীক্ষা শেষ হওয়ার সঙ্গে সঙ্গে উত্তরপত্র সংশ্লিষ্ট বোর্ডে এবং উত্তরপত্রের প্রথম পৃষ্ঠার ছাত্রদের রোল নম্বর সংবলিত ছক কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারে পাঠানোর ব্যবস্থা করা হয়েছে। এ কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য তিন লাখ শিক্ষক পরিদর্শককে প্রশিক্ষণও প্রদান করা হয়েছে।

এসএসসি পরীক্ষা চলাকালে পরীক্ষা কেন্দ্রের দু'শ গজের মধ্যে একত্রে ৪ ব্যক্তির উর্ধ্বে জমায়েত এবং চলাফেরা সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। পরীক্ষা কেন্দ্রগুলিতে সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে ঢাকা মহানগরী পুলিশ কমিশনার মহানগরী পুলিশ অধ্যাদেশে অর্পিত ক্ষমতাবলে এই আদেশ জারি করেন। আগামী ২১ মে পর্যন্ত পরীক্ষা চলার সকল দিনে এই আদেশ বলবৎ থাকবে। আগামীকাল বৃহস্পতিবার থেকে ঢাকা মহানগরীর ৯৫টি কেন্দ্রে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। খবর প্রেস বিজ্ঞপ্তির।